পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ বৈশাখ ১৪৩৩/২৯ এপ্রিল ২০২৬

নং ৪২.০০.০০০০.০৩১.০৬.০০১.২৫-২০৯—এতদ্বারা ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন এর বাংলাদেশ পক্ষ নিম্নবর্ণিতভাবে পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| (ক) | চেয়ারম্যান | জনাব মোঃ শহীদউদ্দীন চৌধুরী এ্যানি এমপি মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় |
| (খ) | উপদেষ্টা | ১. জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়<br>২. ড. আইনুন নিশাত পানি সম্পদ ও জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ<br>৩. জনাব ফরহাদ হোসেন আজাদ এমপি মাননীয় প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়<br>৪. ডাঃ জাহেদ উর রহমান উপদেষ্টা, পলিসি ও স্ট্র্যাটেজি; তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>৫. সিনিয়র সচিব/সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়<br>৬. ড. মোঃ সাইমুম পারভেজ মাননীয় প্রধানমন্ত্রীর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশেষ সহকারী (সচিব পদমর্যাদা) |
| (গ) | সদস্য | মহাপরিচালক, দক্ষিণ এশিয়া অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় |
| (ঘ) | প্রকৌশলী সদস্য | জনাব মোঃ আনোয়ার কাদির সদস্য (সংস্থা প্রধান), যৌথ নদী কমিশন, বাংলাদেশ পানি সম্পদ মন্ত্রণালয় |
| (ঙ) | প্রকৌশলী সদস্য | ড. মো. আতাউর রহমান অধ্যাপক, পানি সম্পদ কৌশল বিভাগ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় |
| (চ) | বিশেষজ্ঞ | ১. মীর সাজ্জাদ হোসেন প্রাক্তনসদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ<br>২. ড. মাশফিকুস সালেহীন অধ্যাপক, পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট (IWFM) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় |

২। ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন, বাংলাদেশ পক্ষ আন্তঃসীমান্ত নদীর পানি বন্টন ও ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়সহ ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন সম্পর্কিত বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ সরকারকে নীতি প্রণয়ন, বাস্তবায়ন এবং প্রয়োজনীয় কারিগরি বিষয়ে পরামর্শ ও মতামত প্রদান করবেন।

৩। কমিশনের কর্মপরিধি, ক্ষমতা ও অন্যান্য বিষয়সমূহ STATUTE OF THE INDO-BANGLADESH JOINT RIVERS COMMISSION এর সংশ্লিষ্ট অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত।

৪। জনস্বার্থে জারীকৃত এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

যতন মার্মা
উপসচিব।

ভূমি মন্ত্রণালয়
জরিপ-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৭ জুন ২০২৬

নং ৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০১.২৪.১৪০—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজা দু'টির খতিয়ান চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বুড়াবুড়ী | ১১৪ | ১১৭৭ | ৩ | উলিপুর | কুড়িগ্রাম |
| ০২ | মাদারীপাড়া হরিপুর | ৬৭ | ১৪৫৫ | ৪ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ইব্রাহীম নিয়াজী
সহকারী সচিব।

জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ/২২ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ২৮/২০২৬/কাস্টমস ৩৩৫।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মেসার্স টস বন্ড (প্রা.) লি. (বন্ড লাইসেন্স নং-০২/কাস-এসবিডব্লিউ/১৯৭৯, তারিখ: ১৯-০১-১৯৭৯ খ্রি.) নামীয় ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-০৮-২০২৬/কাস্টমস/৬০, তারিখ: ০৮-০২-২০২৬ খ্রি. এর মাধ্যমে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য মঞ্জুরীকৃত আমদানি প্রাপ্যতার মেয়াদ, প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায়, আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লেখ্য, উক্ত বর্ণিত মেয়াদকালে আমদানিকৃত পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

নং ২৯/২০২৬/কাস্টমস ৩৩৬।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মেসার্স এইচ কবির এন্ড কোং লিঃ (বন্ড লাইসেন্স নং-০৩/পিবিডব্লিউ/১৯৭৮, তারিখ: ৩১-০৮-১৯৭৮ খ্রি.) নামীয় ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-১১৪/২০২৫/কাস্টমস/৪১৭, তারিখ: ২৭-১০-২০২৫ খ্রি. এর মাধ্যমে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য মঞ্জুরীকৃত আমদানি প্রাপ্যতার মেয়াদ, প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায়, আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লেখ্য, উক্ত বর্ণিত মেয়াদকালে আমদানিকৃত পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সুরাইয়া সুলতানা
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

CamScanner